দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22-DEC 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

61

## শিক্ষা প্রতিষ্ঠানে শীতকালীন ছুটি প্রসঙ্গে

প্রতি বছর ডিসেম্বর মাসে বার্ষিক পরীক্ষা শেষে ছেলে-মেয়েরা কয়েকদিনের ছুটি পাইয়া থাকে। ঐ ছুটিতে অনেকেই দেশের বাড়ীতে যায় শীতের পিঠা খাওয়ার জন্য। কিন্তু এবার অক্টোবর-নভেম্বর মাসে দেশের অশান্ত পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকে। বর্তমান সরকার সেই ক্ষতি পূরণের জন্য এবার শীতকালীন ছুটি বাতিল করিয়াছেন। উদ্যোগটি প্রশংসার যোগ্য। কিন্তু প্রাইমারী এবং হাইস্কুলে বার্ষিক পরীক্ষার পর কোন পড়াশুনা হয় না। তখন স্কুল খোলা রাখার কোন অর্থ হয় না।

এমতাবস্থায় কলেজ, বিশ্ববিদ্যালয় খোলা রাখিয়া স্কুল পূর্বের মত বন্ধ রাখিলে আমরা কিছুদিনের জন্য দেশের বাড়ীতে যাইতে পারি। আশাকরি এ ব্যাপারে সরকার নূতন নির্দেশ জারি করিবেন।

—মিসেস মমতাজ বেগম
গোলাপবাগ, ঢাকা।